

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বগুড়া
www.fisheries.bogra.gov.bd

পত্র নং ৩৩.০২.১০০০.৪০০.৩৩.১৩১.১৪.৪০২(৫)

তারিখঃ ২৮/৯/২০২১ খ্রি.

“সভার নোটিশ”

মৎস্য অধিদপ্তর, বগুড়া এর বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২১-২২ ইর ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা মোতাবেক চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা নিমিত্ত আগামী ৩০/০৯/২০২১ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় সম্মেলন কক্ষে ইনোভেশন টিমের এক জরুরী সভা আহ্বান করা হলো। কমিটির সদস্যগণকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সিঃ/উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর/শেরপুর/নন্দীগ্রাম/
শাজাহানপুর/গাবতলি, বগুড়া।
মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সারিয়াকান্দি, বগুড়া।

(সরকার আনোয়ারুল কবীর আহমেদ)

জেলা মৎস্য কর্মকর্তা

বগুড়া

ফোনঃ ০৫১৬০৫৭০

dfobogra@fisheries.gov.bd

পত্র নং ৩৩.০২.১০০০.৪০০.৩৩.১৩১.১৪.৪০২(৫)/১(২)

তারিখঃ ২৮/৯/২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। অফিস কপি।

জেলা মৎস্য কর্মকর্তা

বগুড়া

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বগুড়া এর ইনোভেশন সভার কার্যবিবরণী

সভার স্থান: সম্মেলন কক্ষ, জেলা মৎস্য দপ্তর, বগুড়া।

তারিখ: ৩০/০৯/২০২১ খ্রি.

সময়: সকাল ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

আলোচ্য বিষয়: ইনোভেশন উদ্যোগ/ধারণা/আইডিয়া সংক্রান্ত আলোচনা

অদ্য ৩০/০৯/২০২১ খ্রি. তারিখ কমিটির আহ্বায়ক সরকার আনোয়ারুল কবীর আহম্মেদ, জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, মৎস্য অধিদপ্তর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে বগুড়া জেলায় নাগরিক সেবায় ১টি ইনোভেশন আইডিয়া/ উদ্যোগের প্রয়োজন।

সভায় কমিটির সদস্য গণ কয়েকটি ইনোভেশন প্রস্তাবনা উপস্থাপন করেন। প্রস্তাবনাগুলি নিয়ে সদস্যগণ যাচাই বাছাই করে ১(এক)টি প্রস্তাবনাকে ইনোভেশন আইডিয়া হিসেবে সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

ইনোভেশন আইডিয়া:

”উপজেলায় বিদ্যমান হ্যাচারী হতে একটি হ্যাচারীকে মডেল হ্যাচারীতে উন্নীতকরণ”।

সভায় মডেল হ্যাচারীর বৈশিষ্ট্য নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলো সুনির্দিষ্ট করা হয়।

মডেল হ্যাচারীর বৈশিষ্ট্য:

ক. অবকাঠামো-

১. ওভার হেড ট্যাংক এ অ্যারেশনের ব্যবস্থা থাকতে হবে।
২. হ্যাচারীর শেড থাকতে হবে এবংমেরে পাকা থাকতে হবে।
৩. হ্যাচারী সংলগ্ন কমপক্ষে ৩(তিন)টি পুকুর থাকতে হবে।
৪. মৎস্য অধিদপ্তর কর্তৃক হালনাগাদ লাইসেন্স ধারী হতে হবে।
৫. পরিবেশ সম্মত পানি নিষ্কাশন ব্যবস্থা থাকতে হবে।
৬. যোগাযোগ ব্যবস্থা ভালো হতে হবে।


খ. ব্রুড ব্যবস্থাপনাঃ

১. উৎসসহ ব্রুড স্টকের হালনাগাদ হিসাব থাকতে হবে।
২. কার্প জাতীয় মাছের ক্ষেত্রে প্রতি বছর ভিন্ন উৎস থেকে ২০% ব্রুড পরিবর্তন করতে হবে।
৩. ক্যাট ফিশের ক্ষেত্রে নিজস্ব ব্রুড স্টক তৈরী করে প্রজনন করতে হবে।
৪. প্রজননের ক্ষেত্রে নির্ধারিত আকার ও ওজনের ব্রুড ব্যবহার করতে হবে।

৩

সভায় চলতি অর্থ বছরে প্রত্যেক উপজেলায় বিদ্যমান হ্যাচারী হতে একটি হ্যাচারীকে মডেল হ্যাচারীতে উন্নীতকরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় আহ্বায়ক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সরকার আনোয়ারুল কবীর আহম্মেদ
জেলা মৎস্য কর্মকর্তা
বগুড়া।

পত্র নং-৩৩.০২.১০০০.৪০০.৮৪.২৮২.২০. ৪০৪/১(২০)

তারিখ: ৩০/০৯/২০২১খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, -----, বগুড়া।
- ৩। অফিস কপি।



জেলা মৎস্য কর্মকর্তা
বগুড়া।

পরিশিষ্ট 'ক'

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বগুড়া এর ইনোভেশন সভার উপস্থিতির তালিকা:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও কর্মস্থল | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|-----------|--|--------------|------------|
| ০১ | সরকার আনোয়ারুল কবীর আহম্মেদ জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া | আহবায়ক | স্বাক্ষরিত |
| ০২ | মোঃ মাসুদ রানা সরকার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শেরপুর, বগুড়া | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোঃ ফেরদৌস আলী সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নন্দীগ্রাম, বগুড়া | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | শারমিন আক্তার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বগুড়া সদর, বগুড়া | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোসাঃ আয়েশা খাতুন উপজেলা মৎস্য কর্মকর্তা শাজাহানপুর, বগুড়া | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | আরিফ আহমেদ উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:) গাবতলী, বগুড়া | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | মারজিয়া আখতার বানু মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা সারিয়াকান্দি, বগুড়া | সদস্য সচিব | স্বাক্ষরিত |

✓